গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর, যশোর।
www.abhaynagar.jessore.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম প্রাপ্তি স্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	সেবা প্রদান পদ্ধতি	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল	উর্দ্ধতন কর্মকর্তার পদবী, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
০১.	কৃষি খাস জমি বন্দোবস্ত	সহকারী কমিশনার (ভূমি) হতে প্রস্তাব প্রাপ্তির পর ৩ (তিন) দিনের মধ্যে। ৬০-৯০ দিন	১) আবেদনকারীর স্বামী ও স্ত্রী বা সক্ষম পুত্রসহ মায়ের আবেদনপত্র ২) ২০ টাকার কোর্ট ফি ৩) ভূমিহীন সার্টিফিকেট ৪) পরিবারের সদস্যদের 3R ছবি ৫) জাতীয় পরিচয় পত্র	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ সহকারী কমিশনার (ভূমি) /জেলা প্রশাসকের কার্যালয়/ প্রযোজ্য ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়।	কৃষি জমির ক্ষেত্রে সেলামী মূল্য ১ টাকা ও কবুলিয়তনামা রেজি: ফি বাবদ ২৪০/- টাকা	উপজেলা ভূমি অফিস হতে প্রস্তাব প্রাপ্তির পর উপজেলা নির্বাহী অফিসার প্রস্তাবটি যাচাই বাছাই করে প্রযোজ্য ক্ষেত্রে সরজমিন যাচাই করে সুপারিশ সহকারে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে অনুমোদনের নিমিত্ত অগ্রবর্তী করবেন। জেলা প্রশাসক কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর কবুলিয়ত সম্পাদন এবং সাব-রেজিস্ট্রি অফিসের মাধ্যমে দলিল রেজিস্ট্রেশন ও ভূমিহীনদের দখল বুঝিয়ে দেওয়া হয়। অতঃপর নামজারি ও জমাভাগকরণ এবং রেকর্ড সংশোধন করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
০২.	পেরি-ফেরীভূক্ত হাট বাজার এর চান্দিনা ভিটি বন্দোবস্ত	৪০-৪৫ দিন	১) আবেদনপত্র ২) ২০ টাকার কোর্ট ফি ৩) জাতীয় পরিচয়পত্র ৪) ছবি (পাসপোর্ট)	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ সহকারী কমিশনার (ভূমি) /জেলা প্রশাসকের কার্যালয়	প্রতি বর্গমিটারের জন্য সিটি করপোরেশন এলাকা ৫০০ টাকা, পৌর এলাকায় ১২৫ টাকা এবং জেলা সদর ব্যতীত ১০০ টাকা এবং উপজেলা সদর ৫০ টাকা এবং অন্যান্য ২০ টাকা।	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা সরজমিনে তদন্ত ও রেকর্ডপত্র যাচাই অন্তে প্রতিবেদন দাখিল করেন। কানুনগোর মতামতসহ সহকারী কমিশনার (ভূমি) মতামতসহ প্রস্তাব ইউএনও বরাবর প্রেরণ করেন। ইউএনও প্রাপ্ত প্রস্তাব পরীক্ষান্তে মতামতসহ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বরাবর প্রেরণ করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) যাচাই করে জেলা প্রশাসকের নিকট উপস্থাপন করেন। জেলা প্রশাসক অনুমোদন করে সহকারী কমিশনার (ভূমি) বরাবর প্রেরণ করেন। অতঃপর নির্ধারিত হারে লিজমানি আদায়পূর্বক সরজমিনে লিজগ্রহীতাকে জমি বুঝিয়ে দেওয়া হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
0৩.	অকৃষি খাস জমি বন্দোবস্ত	সাধারণত ৩-৪ মাস, তবে মন্ত্রণালয়ের অনুমোদনের ওপর নির্ভর করে	১) আবেদনপত্র ২) কোনো সুবিধাভোগী/ প্রতিষ্ঠানের হয়ে আবেদন করলে তার প্রমাণপত্র ৩) ৩ কপি ছবি ৪) এনআইডি-এর কপি	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ সহকারী কমিশনার (ভূমি) /জেলা প্রশাসকের কার্যালয়/ প্রযোজ্য ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়।	সংশ্লিষ্ট মৌজার পূর্ববর্তী ১২ মাসের গড় মূল্যের ১.৫ থেকে ৩ গুণ পর্যন্ত অথবা সেলামী মূল্য	আবেদনপ্রাপ্তির পর ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা সরজমিনে তদন্ত ও রেকর্ডপত্র যাচাই করে প্রস্তাব/প্রতিবেদন কানুনগো/ সার্ভেয়ার কর্তৃক যাচাই/পরীক্ষা করে স্কেচ ম্যাপ তৈরি করা হয়। সহকারী কমিশনার (ভূমি) প্রস্তাব/প্রতিবেদন মতামতসহ ইউএনও বরাবর প্রেরণ; ইউএনও মতামতসহ নথি জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক সরজমিন তদন্ত ও মতামত দাখিলের পর চূড়ান্ত অনুমোদনের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। কিছু কিছু ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে সরকারপ্রধানের অনুমোদন প্রয়োজন হয়। অনুমোদন হয়ে জেলা প্রশাসকের মাধ্যমে উপজেলা ভূমি অফিসে প্রেরণ করা হয়। আবেদনকারী ধার্যকৃত সেলামি ও মূল্য সরকারি কোষাগারে জমা প্রদান করলে চুক্তিপত্র সম্পাদন; অতঃপর দলিল রেজিস্ট্রেশন অন্তে নামজারিকরণ ও দখল হস্তান্তর করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
০৪.	হাট-বাজার ইজারা প্রদান	প্রতি বছরের ১লা বৈশাখের আনুমানিক ২ (দুই) মাস পূর্বে কার্যক্রম গ্রহণ করা হয়। প্রায় ৬০ দিন	১) দরপত্র আবেদন ২) জাতীয় পরিচয়পত্র ৩) ব্যাংক ড্রাফট	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ সহকারী কমিশনার (ভূমি) /জেলা প্রশাসকের কার্যালয়	বাজারের ইজারামূল্য অনুযায়ী সিডিউলের মূল্য নির্ধারণ (বিগত ৩ (তিন) বছরের গড় ইজারা মূল্যের ১০% বর্ধিত মূল্যসহ) এবং সে অনুযায়ী ভ্যাট আয়করসহ ইজারা মূল্য প্রদান	ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা প্রস্তুত করে হাট-বাজার নীতিমালা অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে ইজারাদান। সফল দরদাতা ৭ দিনের মধ্যে ইজারামূল্যের অবশিষ্ট অর্থ, নির্ধারিত ভ্যাট ও আয়কর পরিশোধ করে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করে আনুষ্ঠানিকভাবে বাজারের দখল বুঝে নেন। । (ইজারামূল্য ১ লক্ষ পর্যন্ত- ৫০০ টাকা; • ইজারামূল্য ১ লক্ষ টাকার উর্দ্ধ থেকে ২ লক্ষ টাকা পর্যন্ত- ১০০০ টাকা; • ইজারামূল্য ২ লক্ষ টাকার উর্দ্ধে প্রতি লক্ষ বা তার ভগ্নাংশ টাকার জন্য ১০০০ টাকার সাথে অতিরিক্ত ২০০ টাকা। • ইজারামূল্যের ২৫% দরপত্রের সাথে দাখিল • জামানত ইজারামূল্যের ৫%• ইজারাপ্রাপ্ত হলে ইজারামূল্যের অবশিষ্ট ৭৫% জমাদান • ভ্যাট বাবদ ১৫% এবং আয়কর বাবদ ৫% জমাদান)	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর , যশোর।
www.abhaynagar.jessore.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম প্রাপ্তি স্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	সেবা প্রদান পদ্ধতি	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল	উর্দ্ধতন কর্মকর্তার পদবী, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
০৫.	জলমহাল ইজারা প্রদান (২০ একরের নীচে বদ্ধ জলমহাল)	প্রতি বছরের ১লা বৈশাখের আনুমানিক ২ (দুই) মাস পূর্বে কার্যক্রম গ্রহণ করা হয়। প্রায় ৬০ দিন	১) দরপত্র আবেদন ২) জাতীয় পরিচয়পত্র ৩) নাগরিকত্ব সনদ ৪. মৎস্যজীবী সমবায় সমিতির রেজিস্ট্রেশন	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ সহকারী কমিশনার (ভূমি) /জেলা প্রশাসকের কার্যালয়	১) প্রতিটি সিডিউল ক্রয়ের জন্য নির্ধারিত কোডে ৫০০ টাকা চালানমূলে জমা প্রদান ২) ইজারা মূল্য প্রদান ৩) আয়কর প্রদান ৪) ভ্যাট প্রদান ৫) জামানত প্রদান	বাংলা সনের ১ মাঘ হতে ইজারা প্রদানের উদ্দেশ্যে ইজারাযোগ্য জলমহালের তালিকা তৈরি করে সরকারি নীতিমালা মোতাবেক সরকারি মূল্য নির্ধারণপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত তারিখে মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করে যোগ্য ইজারাদারগণকে পত্র দেওয়া হয়। মূল্য পরিশোধ এবং ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিবদ্ধ হলে ইজারাদারকে জলমহাল বুঝিয়ে দেওয়া হয়। ইজারাদার মূল্য পরিশোধ না করলে পুনঃইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে কার্যক্রম চলতে থাকে। ইজারা প্রদান সম্ভব না হলে খাস আদায় কার্যক্রম অব্যাহত রাখা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
০৬.	অর্পিত সম্পত্তির ইজারা নবায়ন/ ইজারা পরিবর্তন	সহকারী কমিশনার (ভূমি) হতে প্রস্তাব প্রাপ্তির পর ৩ (তিন) দিনের মধ্যে। সর্বোচ্চ ১৫ দিন।	১) আবেদনপত্র ২) ২০ টাকার কোর্ট ফি ৩) জাতীয় পরিচয়পত্র	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ সহকারী কমিশনার (ভূমি) /জেলা প্রশাসকের কার্যালয়	‘ক’ তালিকাভূক্ত অর্পিত সম্পত্তির ক্ষেত্রে : উপজেলার ক্ষেত্রে একর প্রতি কৃষি জমি: ৫০০ টাকা; অকৃষি জমি : ২০০০ টাকা; শিল্প/ বানিজ্যিক : ৩000/-। প্রতি বর্গফুট আবাসিক ঘর মেঝে কাঁচা ১/- টাকা; আঁধা-পাঁকা টিনের দেয়াল/ছাদ ১.৫০ টাকা; পাঁকা ঘর ৩.৫০ টাকা।	সহকারী কমিশনার(ভূমি) আবেদন প্রাপ্তির পর (প্রযোজ্য ক্ষেত্রে সরেজমিন তদন্তপূর্বক) প্রস্তাব তৈরি করে এবং তা অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করেন। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক পরীক্ষান্তে তা অনুমোদন এবং উপজেলা ভূমি অফিসে প্রেরণ করা হয়ে থাকে। লিজমানি পরিশোধের জন্য লিজ গ্রহীতাকে পত্র দেয়া হয়। অতঃপর ধার্যকৃত লিজমানি আদায় এবং নথি সংরক্ষণ করা হয়। (পৌরসভার ক্ষেত্রে একর প্রতি কৃষি জমি ১০০০ টাকা; অকৃষি জমি ৪০০০ টাকা; শিল্প/ বানিজ্যিক : ৫000/- টাকা। প্রতি বর্গফুট আবাসিক ঘর মেঝে কাঁচা ৩/-টাকা; আঁধা-পাঁকা টিনের দেয়াল/ছাদ ৪ টাকা; পাঁকা ঘর ৬ টাকা। বানিজ্যিক উদ্যেশ্যে টিনের কাঁচা ঘর ৮ টাকা; আঁধা-পাঁকা/ পাঁকা ঘর ১২/- টাকা।)	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
০7.	সার্টিফিকেট মামলা সংক্রান্ত	মামলার বিধি মোতাবেক নিস্পত্তি। সর্বোচ্চ ৬ মাসে নিস্পত্তি।	১) আবেদন ২) চাহিদাপত্র ৩) অন্যান্য কাগজপত্র ৪) কোর্ট ফি/স্টাম্প	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	সরকারি দাবী অনুযায়ী নির্দিষ্ট হারে স্ট্যাম্প/ কোর্ট ফি	সরকারি প্রতিষ্ঠান/ স্থানীয় সরকার প্রতিষ্ঠান/ ব্যাংক নির্ধারিতফর্মে কোর্ট ফি সংযুক্ত করে তাদের দাবী সম্বলিত রিকুইজিশন উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করলে সরকারি ও আধা সরকারি প্রতিষ্ঠানের আদায়যোগ্য পাওনা যা তামাদি হয়নি মর্মে সন্তুষ্ট হলে ৪ ধারা মোতাবেক কার্যক্রম শুরু এবং ৭ ধারা অনুযায়ী নোটিশ জারী । দেনাদার কর্তৃক দাবীকৃত টাকা পরিশোধ। ব্যর্থ হলে বিধি মোতাবেক স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোক ও নিলামে বিক্রি করে দাবীকৃত টাকা আদায়ের কার্যক্রম গ্রহণ।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
০8.	মাননীয় সংসদ সদস্য মহোদয়ের ঐচ্ছিক তহবিলের অর্থ ছাড়করণ	৭/১০ দিনের মধ্যে	১) আবেদনপত্র ২) জাতীয় পরিচয়পত্র ৩) ছবি (পাসপোর্ট)	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	সংসদ সচিবালয়ের নির্দেশনা মোতাবেক।	বরাদ্দপত্র পাওয়ার পর বিলকরে হিসাবরক্ষণ অফিসে জমাকরণ এবং বিল পাশ হওয়ার পর ব্যাংক হিসাবে স্থানান্তর ও মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে আলোচনাক্রমে নির্দিষ্ট দিনে সংশ্লিষ্ট উপকারভোগীদের মধ্যে টাকা প্রদান।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর , যশোর।
www.abhaynagar.jessore.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম প্রাপ্তি স্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	সেবা প্রদান পদ্ধতি	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল	উর্দ্ধতন কর্মকর্তার পদবী, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
09.	থোক বরাদ্দ/ বিশেষ অনুদানের অর্থ ছাড়করণ	০৭-১০ দিন	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ইউপি চেয়ারম্যন/মেম্বার কর্তৃক প্রত্যয়নপত্র	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ইউনিয়ন পরিষদ	বিনামূল্যে	ধর্মীয় প্রতিষ্ঠান/ক্লাব/পাঠাগারের ক্ষেত্রে প্রত্যাশী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কমিটি কর্তৃক স্ব-উদ্যোগে নির্ধারিত ফরম পূরণ করে উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা চেয়ারম্যান এবং স্থানীয় সংসদ সদস্যের সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণ। মন্ত্রণালয় ও এমপির স্বেচ্ছাধীন তহবিল থেকে বরাদ্দপত্র পাওয়ার পর উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিল প্রস্তুত করে হিসাবরক্ষণ অফিস বিল পাস করে ব্যাংক হিসাবে (বিবিধ হিসাব) স্থানান্তর করে। অতঃপর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সভাপতি/ব্যক্তির অনুকূলে ক্রস চেকের মাধ্যমে অর্থ ছাড় করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
১০.	ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দে গৃহীত প্রকল্প বাস্তবায়ন (টি.আর, কাবিখা, কাবিটা)।(সাধারণ ও বিশেষ)	বরাদ্দ প্রদান হতে ৬০ দিন। তবে সরকার প্রয়োজন মনে করলে তা বৃদ্ধি করতে পারেন	পরিপত্রের শর্তাবলী অনুসারে। ১) স্কীম ২) প্রকল্প কমিটি ৩) বিল-ভাউচার ৪) চুক্তিপত্র	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ জেলা প্রশাসকের কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।	দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক ও ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পিআইসি কর্তৃক অঙ্গীকারনামা	সাধারণ: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর উপজেলার আয়তন, জনসংখ্যা ও দু:স্থতার ভিত্তিতে জেলা প্রশাসক বরাবর; জেলা প্রশাসক একই নিয়মে উপজেলা নির্বাহী অফিসার বরাবর; উপজেলা নির্বাহী অফিসার একইভাবে উপ-বরাদ্দ প্রদান করেন। বরাদ্দের অনুকূলে সংশ্লিষ্ট প্রকল্পের পিআইসি'র মাধ্যমে ইউনিয়ন পরিষদ প্রকল্প বাস্তবায়ন করে। বিশেষ: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক নির্বাচনী এলাকা ভিত্তিক বিভাজন করে সংসদ সদস্যদের অনুকূলে জেলা প্রশাসক বরাবর বরাদ্দপত্র প্রেরণ করেন। সংসদ সদস্যগণ প্রকল্প গ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করেন। জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত তালিকা উপজেলা নির্বাহী অফিসার এর তত্বাবধানে মাননীয় সংসদ সদস্য কর্তৃক অনুমোদিত প্রকল্প কমিটির মাধ্যমে তা বাস্তবায়ন করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
11.	দরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসূচি (৪০ দিনের) ইজিপিপি	প্রায় ৪০ দিন	আবেদনের সাথে ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ জেলা প্রশাসকের কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।	বিনামূল্যে	উপজেলায় বরাদ্দ প্রাপ্তির পর ইউএনও কর্তৃক জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে ইউনিয়নওয়ারী বরাদ্দ বিভাজনপূর্বক ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হয়। ইউপি কর্তৃক বরাদ্দ অনুযায়ী শ্রমিক এবং ওয়েজ ও নন-ওয়েজ কর্মের প্রকল্প তালিকা প্রস্তুত করে উপজেলা কমিটির সুপারিশসহ জেলা কর্ণধার কমিটির চূড়ান্ত অনুমোদন। প্রদত্ত বরাদ্দের আলোকে বিল প্রস্তুত করে সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে (মাদার একাউন্ট) অর্থ জমা করা হয়। শ্রমিক তালিকা অনুযায়ী ইউনিয়নওয়ারী শ্রমিকদের মজুরি পরিশোধের জন্য ব্যাংকের শাখা নির্বাচন করে প্রত্যেক শ্রমিকের নামে ব্যাংক হিসাব খোলা হয় এবং মাদার একাউন্ট হতে নির্ধারিত ব্যাংকের শাখায় (চাইল্ড একাউন্ট) টাকা স্থানান্তর করা হয়। প্রকল্প তদারকির জন্য ট্যাগ অফিসার নিয়োগ করে প্রকল্পস্থলে প্রকল্পের কাজ আরম্ভ করা হয়। নন-ওয়েজ টাকার প্রকল্প গ্রহণ করে সংশ্লিষ্ট পিআইসি প্রকল্প বাস্তবায়ন করে। ওয়েজ কস্টের (টাকা) জন্য প্রতি সপ্তাহে ফিল্ড সুপারভাইজার ও ট্যাগ অফিসারের প্রত্যয়নের ভিত্তিতে অগ্রগতি অনুযায়ী শ্রমিক মজুরি ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর , যশোর।
www.abhaynagar.jessore.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম প্রাপ্তি স্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	সেবা প্রদান পদ্ধতি	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল	উর্দ্ধতন কর্মকর্তার পদবী, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
১২.	গ্রামীণ অবকাঠামো নির্মাণ কার্যক্রম	কাজের ওপর ভিত্তি করে সময় নির্ধারণ করা হয় আনুমানিক ৬০-৭৫ দিন	টেন্ডার ডকুমেন্টের শর্তানুসারে	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ জেলা প্রশাসকের কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।	নির্ধারিত ফি দিয়ে সিডিউল ক্রয় ও প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট, আইটি প্রদান	গ্রামীণ অবকাঠামো নির্মাণের লক্ষ্যে ছোট খাল/নালার উপর সর্বোচ্চ ৪০ ফুট দৈর্ঘ্যের ব্রিজ নির্মাণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হাইড্রোলিক ডাটাসহ ব্রিজ নির্মাণের স্থানের ছবিসহ ইউএনও এর মাধ্যমে ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে প্রেরণ করেন। প্রস্তাব অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীর সরজমিন যাচাই-বাছাই শেষে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কেন্দ্রীয়ভাবে দরপত্র আহ্বান করে। দরপত্র উপজেলা কর্তৃপক্ষের নিকট দাখিলের পর যাচাই-বাছাই এবং মূল্যায়নের পর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঠিকারদারকে চুক্তিপত্র এবং নিরাপত্তা জামানত জমা দেওয়ার জন্য পত্র প্রদান করে কার্যাদেশ প্রদান করেন। কার্যাদেশ দেওয়ার পর কার্যাদেশের কপি, চুক্তিনামার কপি ও তুলনামূলক বিবরণী ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে পাঠালে প্রাক্কলন অনুমোদন করার পর উপজেলায় বরাদ্দ প্রদান করা হয়। অতঃপর ব্রিজ সম্পূর্ণরূপে বাস্তবায়নের পর ইউএনও কর্তৃক চূড়ান্ত বিল পরিশোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
১৩.	ভিজিএফ/ত্রাণ/মানবিক সাহায্য বিতরণ	১-৩ সপ্তাহ	--	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ জেলা প্রশাসকের কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।	বিনামূল্যে	উপজেলায় বরাদ্দপ্রাপ্তির পর উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক জনসংখ্যা/আয়তন/ক্ষয়ক্ষতির পরিমাণ/ক্ষতিগ্রস্ত লোকের সংখ্যা/ক্ষতিগ্রস্ত এলাকার আয়তনের ভিত্তিতে ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করেন। উপকারভোগী/ক্ষতিগ্রস্ত পরিবার/ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করার জন্য ইউপি সদস্যদের মাঝে ওয়ার্ডভিত্তিক দায়িত্ব প্রদান করা হয়। ইউনিয়ন কমিটিতে যাচাই-বাছাই অন্তে উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা কমিটিতে অনুমোদনের পর অনুমোদিত তালিকা ইউনিয়ন পরিষদে পাঠানো হয়। পাশাপাশি ইউনিয়নভিত্তিক ট্যাগ অফিসার নিয়োগ করে সংশ্লিষ্ট চেয়ারম্যানের অনুকূলে ডিও প্রদান করা হয়। অতঃপর গুদাম হতে খাদ্যশস্য/ত্রাণসামগ্রী উত্তোলন করে অনুমোদিত তালিকা অনুযায়ী মাস্টাররোলের মাধ্যমে ট্যাগ অফিসারের উপস্থিতিতে ক্ষতিগ্রস্ত/উপকারভোগীদের মাঝে বিতরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
১৪.	একটি বাড়ি একটি খামার প্রকল্প	৬ মাস	১. ছবি ২. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/জন্ম নিবন্ধন সনদ	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ একটি বাড়ি একটি খামার প্রকল্প অফিস	বিনামূল্যে	গ্রাম বাছাই কমিটি কর্তৃক গ্রাম বাছাইপূর্বক কার্যক্রম শুরু হয়। উপকারভোগী বাছাই কমিটি দ্বারা বাছাইকৃত প্রতিটি গ্রাম হতে উপকারভোগী জরিপ এবং বাছাইসম্পন্ন শেষে প্রতি ওয়ার্ডে একটি করে সমিতি গঠন করা হয়। একজন ম্যানেজার ও একজন সভাপতিসহ ১১জনের একটি কার্যকরী কমিটি গঠিত হয়। সমিতির স্থায়ী তহবিল গঠন করা হয়। গঠিত তহবিল হতে সমিতির সদস্যরা সহজ শর্তে ঋণ নিয়ে তাদের ভাগ্য উন্নয়ন এবং অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন আয়বর্ধক প্রকল্প হাতে নিতে পারে এবং প্রকল্পের আয় হতে ঋণ পরিশোধ করে পুনরায় বর্ধিত আকারে ঋণ গ্রহণ করে।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর , যশোর।
www.abhaynagar.jessore.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম প্রাপ্তি স্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	সেবা প্রদান পদ্ধতি	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল	উর্ধ্বতন কর্মকর্তার পদবী, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
১৫.	এল.জি.ই.ডি কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত প্রকল্প, প্রযোজ্য ক্ষেত্রে ঠিকাদারের বিল/ প্রকল্প কমিটির সভাপতির বিল প্রদান।	উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে প্রস্তাব প্রাপ্তির পর ২ (দুই) দিনের মধ্যে।	১) স্কীম ২) প্রকল্প কমিটি ৩) বিল-ভাউচার ৪) চুক্তিপত্র	উপজেলা প্রকৌশলীর কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।	বিধি মোতাবেক	উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে প্রস্তাব প্রাপ্তির পর বিল অনুমোদন, প্রয়োজনে সরেজমিন পরিদর্শন করার পর বিল অনুমোদন।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
১৬.	পবিত্র হজ্বব্রত পালনের ফরম বিতরণ ও পরামর্শ প্রদান।	আবেদনের সাথে সাথে।	--	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়/ ইসলামিক ফাউন্ডেশন ও ধর্ম মন্ত্রণালয়	ধর্ম মন্ত্রণালয় প্রদত্ত নির্দেশনা মোতাবেক	আবেদন মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ফরম, তথ্য ও পরামর্শ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
১৭.	খাদ্যশস্য সংগ্রহ	ধান ও গম হলে: ১ থেকে ২ দিন চাল হলে: ৫ থেকে ৭ দিন	ধান/গমের ক্ষেত্রে কৃষক/উৎপাদক হিসেবে কৃষি বিভাগের প্রত্যয়ন চালের ক্ষেত্রে মিলারের লাইসেন্স।		• ধান/গমের ক্ষেত্রে খরচবিহীন • চাল ক্রয়ের ক্ষেত্রে চুক্তি সম্পাদনের জন্য ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প • নীতিমালা মোতাবেক খালি বস্তা ও সরবরাহকৃত চালের জামানত।	কৃষককে ন্যায্যমূল্য প্রদান নিশ্চিতকল্পে এবং বাজারদর স্থিতিশীল রাখার লক্ষ্যে উৎপাদন মৌসুমে কৃষকের নিকট থেকে সরাসরি ধান, চাল ও গম ক্রয় করা হয়ে থাকে। কৃষক তার উৎপাদিত ধান/গম গুদামে বিক্রির জন্য নিয়ে আসলে গুদাম কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ওজন ও মান সম্পর্কে নিশ্চিত হয়ে মূল্য পরিশোধের নিমিত্তে WQSC (Weight, Quality, Stock Certificate, ওজন, মান ও মজুদ সার্টিফিকেট) ইস্যু করেন। কৃষক স্থানীয় পেয়িং ব্যাংক হতে WQSC জমা দিয়ে সরাসরি নগদ মূল্য গ্রহণ করেন। একইভাবে মিলার চাল সরবরাহে আগ্রহ প্রকাশ করে আবেদন করলে তার মিলের ক্যাপাসিটি অনুসারে বরাদ্দ দেওয়া হয় ও একইভাবে মূল্য পরিশোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
১৮.	পাবলিক পরীক্ষা	পাবলিক পরীক্ষার সময়সূচী অনুযায়ী	--	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ শিক্ষা অফিস/ মাধ্যমিক শিক্ষা অফিস।	পাবলিক পরীক্ষার আইন মোতাবেক	বোর্ড কর্তৃক সময়সূচী ঘোষণা করার পর কমিটির সভা আহবান পূর্বক সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। পরীক্ষা শেষে নির্দেশনা মোতাবেক উত্তরপত্র বোর্ডে প্রেরণ।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
১৯.	বেসরকারি কলেজ, স্কুল ও মাদ্রাসার কমিটি গঠন	প্রতিষ্ঠান প্রধান থেকে পত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে	১) আবেদনপত্র	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ শিক্ষা অফিস/ মাধ্যমিক শিক্ষা অফিস।	--	প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদন প্রাপ্তির পর প্রিজাইডিং অফিসার নিয়োগসহ কমিটির অন্যান্য সদস্য নিয়োগ/ মনোনয়ন প্রদান এবং পূর্ণাঙ্গ কমিটি গঠনের পর সকল ক্যাটাগরির সদস্য অনুমোদনের জন্য বোর্ডে প্রেরণ।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

অভয়নগর , যশোর।

www.abhaynagar.jessore.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম প্রাপ্তি স্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	সেবা প্রদান পদ্ধতি	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল	উর্দ্ধতন কর্মকর্তার পদবী, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
২০.	সভাপতি হিসাবে দায়িত্ব পালনকারী বে-সরকারী কলেজ, হাই স্কুল ও মাদ্রাসার বেতন বিল প্রদান ও শিক্ষা প্রতিষ্ঠানের বিবিধ প্রশাসনিক কার্যাবলী।	যেকোন প্রশাসনিক কাজের প্রস্তাব প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে।	১) বেতন বিল দাখিল	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ মাধ্যমিক শিক্ষা অফিস।	বিনামূল্যে	উপজেলা পর্যায়ের কোনো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হলে অথবা কোনো প্রতিষ্ঠানের নিয়মিত/এডহক কমিটি না থাকলে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে বিল দাখিল করা হয়। প্রাপ্ত বিল প্রাথমিকভাবে নির্ভুল প্রতীয়মান হলে অফিস সহকারী উপস্থাপন করেন। উপস্থাপিত বিল সঠিক পাওয়া গেলে প্রস্তাব উপস্থাপনের ভিত্তিতে বিধি মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক তা প্রতিস্বাক্ষর করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
২১.	মোবাইল কোর্ট পরিচালনা ও রিপোর্ট রিটার্ণ প্রেরণ।	প্রতি সপ্তাহে একদিন অথবা তাৎক্ষণিকভাবে	--	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	--	ভ্রাম্যমান আদালতের আওতাধীন আইন মোতাবেক মোবাইল কোর্ট পরিচালনা করণ।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
২২.	চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর সম্মানী	উপজেলা রাজস্ব খাতে অর্থ সংস্থান থাকলে ০১ দিনে	--	উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	বিনামূল্যে	উপজেলা রাজস্ব খাতে অর্থ সংস্থান থাকলে ০১ দিনের মধ্যে স্বাক্ষরিত চেক নির্দিষ্ট হিসেবে জমাকরণ, চেক কালেকশন হওয়ার পর সংশ্লিষ্ট সকলের নিকট প্রাপ্য পরিশোধকরণ।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
২৩.	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের সরকারী অংশের সম্মানী/ ভাতা প্রদান	সরকারি বরাদ্ধ প্রাপ্তির ৮-১০ দিনের মধ্যে	--	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	বিনামূল্যে	স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ সংক্রান্ত বরাদ্দ উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রদান করা হয়। জেলা প্রশাসকের কার্যালয় থেকে বরাদ্দপ্রাপ্তির পর প্রাপ্ত চেক নির্দিষ্ট হিসেবে জমা করা হয়। চেক কালেকশন হওয়ার পর নির্দিষ্ট দিনে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/সদস্যদেরকে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সম্মানী ভাতা পরিশোধ করা হয়	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
২৪.	ইউপি সচিব এবং দফাদার ও মহল্লাদারদের সম্মানী ভাতা প্রদান	সরকারি বরাদ্ধ প্রাপ্তির 08-10 দিনের মধ্যে।	--	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	বিনামূল্যে	স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে ইউনিয়ন পরিষদের সচিব দফাদার ও মহল্লাদারদের সম্মানী ভাতা এ সংক্রান্ত বরাদ্দ উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রদান করা হয়। জেলা প্রশাসকের কার্যালয় থেকে বরাদ্দপ্রাপ্তির পর প্রাপ্ত চেক নির্দিষ্ট হিসাবে জমা করা হয়। কালেকশন হওয়ার পর সোনালী ব্যাংকের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের নিকট প্রাপ্য পরিশোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
২৫.	ইউনিয়ন পরিষদে ভূমি হস্তান্তর করের ১% প্রদান	প্রতি ৩ মাসে অন্ততঃ একবার।	১) প্রকল্প ও প্রকল্প কমিটি দাখিল	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	উপজেলা পরিষদ ম্যানুয়াল, পরিপত্র, অর্থ মন্ত্রণালয়ের জারীকৃত সর্বশেষ নির্দেশনা।	ইউনিয়ন পরিষদ থেকে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব এবং উপজেলা প্রকৌশলীর প্রস্তাবের ভিত্তিতে ইউনিয়নসমূহের আয়তন ও জনসংখ্যার অনুপাতে প্রাপ্ত অর্থবিভাজন ও ছাড়করণ।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
২৬.	নির্বাচন/ ভোটার তালিকা হালনাগাদকরণ	নির্বাচনী তফসীল মোতাবেক	--	নির্বাচন অফিসারের কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	নির্বাচন পরিপত্র ও বিধিমালা মোতাবেক।	নির্বাচন কমিশন কর্তৃক তফসীল ঘোষণার পর গণবিজ্ঞপ্তি জারীসহ ভোটকেন্দ্রগুলো সরেজমিনে তদন্তকরণ, নির্বাচনী কর্মকর্তা নিয়োগ, নির্বাচনী মালামাল ও সম্মানী ভাতা প্রদানসহ আইনশৃংখলার বাহিনীকে দিক নির্দেশনা প্রদান। ভোটার তালিকা হালনাগাদকরণে জনগনকে সচেতন করা।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর , যশোর।
www.abhaynagar.jessore.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম প্রাপ্তি স্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	সেবা প্রদান পদ্ধতি	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল	উর্দ্ধতন কর্মকর্তার পদবী, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
২৭.	বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলা ভাতা কার্যক্রম	সর্বোচ্চ ৩ মাস	১. নির্ধারিত ফরমে আবেদন ২. ইউপি চেয়ারম্যান/মেম্বার কর্তৃক বার্ষিক আয়ের প্রত্যয়নপত্র ৩. ৭ কপি পাসপোর্ট সাইজের ছবি (ইউপি চেয়ারম্যান/মেম্বার কর্তৃক সত্যায়িত) ৪. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ৫. ইউপি চেয়ারম্যান কর্তৃক জন্ম নিবন্ধন সনদ এবং নাগরিকত্বের সনদপত্র	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়। উপজেলা সমাজসেবা কার্যালয়	প্রদত্ত সেবা বিনামূল্যে কিন্তু নির্বাচিত সুবিধাভোগীদের ১০ টাকার বিনিময়ে নির্ধারিত ব্যাংকে নিজ নামে ভাতা উত্তোলনের জন্য ব্যাংক হিসাব খুলতে হয়	১৮ বছরের উর্ধ্বে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলা যাদের বার্ষিক গড় আয় সর্বোচ্চ ১২,০০০/- তারা নির্ধারিত ফরমে উপজেলা/শহর সমাজসেবা অফিসার বরাবরে আবেদন করবেন। নীতিমালা অনুসারে ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করে সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা/পৌরসভা/মহানগর কমিটি প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে ভাতা বই ইস্যু করা হয়। অতঃপর ভাতাভোগীকে অবহিত করার পর ভাতাভোগী ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলেন। উপজেলা নির্বাহী অফিসার এবং সমাজসেবা অফিসার এর যৌথ ব্যাংক হিসাব হতে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে ভাতার টাকা স্থানান্তর সম্পন্ন করা হয়। ভাতাভোগীগণ নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
২৮.	বয়স্ক ভাতা কার্যক্রম	সর্বোচ্চ ৩ মাস	১. নির্ধারিত ফরমে আবেদন ২. ইউপি চেয়ারম্যান/সদস্য কর্তৃক প্রত্যয়নপত্র ৩. পাসপোর্ট সাইজের ছবি ৪. জাতীয় পরিচয়পত্র/ নাগরিকত্ব সনদ (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেম্বার কর্তৃক সত্যায়িত)	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়। উপজেলা সমাজসেবা কার্যালয়	প্রদত্ত সেবা বিনামূল্যে কিন্তু নির্বাচিত সুবিধাভোগীদের ১০ টাকার বিনিময়ে নির্ধারিত ব্যাংকে নিজ নামে ভাতা উত্তোলনের জন্য ব্যাংক হিসাব খুলতে হয়	যাদের বার্ষিক গড় আয় সর্বোচ্চ ১০,০০০/- এবং পুরুষের ক্ষেত্রে বয়স সর্বনিম্ন ৬৫ বছর ও মহিলার ক্ষেত্রে বয়স সর্বনিম্ন ৬২ বছর তারা নির্ধারিত ফরমে উপজেলা/শহর সমাজসেবা অফিসার বরাবরে আবেদন করবেন। নীতিমালা অনুসারে ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করে সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা/ পৌরসভা/মহানগর কমিটি প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে ভাতা বই ইস্যু করা হয়। অতঃপর ভাতাভোগীকে অবহিত করার পর ভাতাভোগী ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলেন। উপজেলা নির্বাহী অফিসার এবং সমাজসেবা অফিসারের যৌথ ব্যাংক হিসাব হতে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে ভাতার টাকা স্থানান্তরের মাধ্যমে ভাতা বিতরণ সম্পন্ন হয়। সুবিধাভোগীদের নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
২৯.	অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম	সর্বোচ্চ ০৩ মাস	১. নির্ধারিত ফরমে আবেদন ২. ইউপি চেয়ারম্যান/সদস্য-সদস্যা কর্তৃক প্রত্যয়নপত্র ৩. পাসপোর্ট সাইজের ছবি ৪. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (ইউপি চেয়ারম্যান কর্তৃক) ৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কর্তৃক প্রতিবন্ধিতার সনদ	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়। উপজেলা সমাজসেবা কার্যালয়	প্রদত্ত সেবা বিনামূল্যে কিন্তু নির্বাচিত সুবিধাভোগীদের ১০ টাকার বিনিময়ে নির্ধারিত ব্যাংকে নিজ নামে ভাতা উত্তোলনের জন্য ব্যাংক হিসাব খুলতে হয়	জরিপভুক্ত শনাক্তকৃত ও সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধিত প্রতিবন্ধী ব্যক্তি, যার বার্ষিক গড় আয় সর্বোচ্চ ৩৬,০০০/- এবং বয়স সর্বনিম্ন ০৬ বছর তারা নির্ধারিত ফরমে উপজেলা/শহর সমাজসেবা অফিসার বরাবরে আবেদন করবেন। নীতিমালা অনুসারে ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনসমূহ যাচাই- বাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করে সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা/ পৌরসভা/মহানগর কমিটি প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে ভাতা বই ইস্যু করা হয়। অতঃপর ভাতাভোগীকে অবহিত করার পর ভাতাভোগী ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলেন। উপজেলা নির্বাহী অফিসার এবং সমাজসেবা অফিসারের যৌথ ব্যাংক হিসাব হতে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে ভাতার টাকা স্থানান্তর সম্পন্ন করা হয়। ভাতাভোগীগণ নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর , যশোর।
www.abhaynagar.jessore.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম প্রাপ্তি স্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	সেবা প্রদান পদ্ধতি	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল	উর্দ্ধতন কর্মকর্তার পদবী, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
৩০.	বীর মুক্তিযোদ্ধা ভাতা প্রদান	সর্বোচ্চ ৩ মাস	১. নির্ধারিত ফরমে আবেদন ২. ৭ কপি পাসপোর্ট সাইজের ছবি (ইউপি চেয়ারম্যান/মেম্বার কর্তৃক সত্যায়িত) ৩. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ৪. ইউপি চেয়ারম্যান কর্তৃক জন্ম নিবন্ধন সনদ এবং নাগরিকত্বের সনদপত্র ৫. মুক্তিযোদ্ধার দলিলপত্র ও তালিকাসমূহের ফটোকপি	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়। উপজেলা সমাজসেবা কার্যালয়	প্রদত্ত সেবা বিনামূল্যে কিন্তু নির্বাচিত সুবিধাভোগীদের ১০ টাকার বিনিময়ে নির্ধারিত ব্যাংকে ভাতা উত্তোলনের জন্য ব্যাংক হিসাব খুলতে হয়	নীতিমালা অনুসারে যাচাই-বাছাই করার পর ভাতাভোগী নির্বাচন করে তা অনুমোদনের জন্য জেলা কমিটিতে প্রেরণ করা হয়। জেলা কমিটিতে অনুমোদিত ভাতাভোগীদের নামে ভাতা পরিশোধ বহি প্রস্তুত করে তা ইস্যুর জন্য উপজেলা/জেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করা হয়। ভাতা বই ইস্যুর পর ভাতাভোগীকে অবহিত করে ভাতাভোগীর ব্যাংক হিসাব খোলা হয়। অতঃপর ইউনিটের কেন্দ্রীয় হিসাব হতে ভাতাভোগীদের ভাতা উত্তোলন হিসাবে ভাতা স্থানান্তর করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
৩১.	জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যক্রম সমন্বয় এবং জন্ম সনদ সংশোধন	০২/০৩ দিন	১) ইউ,পি চেয়ারম্যানের সুপারিশকৃত আবেদনপত্র ২) আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।	বিধি মোতাবেক	জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন অনুযায়ী আবেদন প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
৩২.	১৪৪ ধারা জারীকরণ	তাৎক্ষণিকভাবে জারীকরণ।	--	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।	বিধি মোতাবেক	জনসাধারণ কর্তৃক সভা, মিছিল ও মিটিং করার ঘটনাস্থলে আইনশৃংখলা পরিস্থিতির অবনতি দেখা দিলে ১৪৪ ধারা জারীকরণ এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ফোর্স নিয়োগ	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
৩৩.	বিভিন্ন কমিটির সভাপতির দায়িত্ব পালন	কমিটির সদস্য-সচিবের সাথে আলাপের মাধ্যমে স্বল্প সময়ে।	--	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।	স্ব-স্ব মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক	পত্র যোগাযোগ ও পরামর্শের মাধ্যমে	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
৩৪.	প্রাথমিক বিদ্যালয় মেরামত, সংস্কার	১০-৩০ দিন	১. নির্ধারিত ফরমেটে তথ্য পূরণ করতে হবে ২. উপজেলা শিক্ষা কমিটির রেজুলেশন ৩. এলজিইডি কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন	১. ইউএনও ২. উপজেলা প্রকৌশলী ৩. উপজেলা শিক্ষা অফিসার ৪. সংশ্লিষ্ট বিদ্যালয়	প্রযোজ্য ক্ষেত্রে সিডিউল ক্রয় ও ভ্যাট, আইটি প্রদান	বিদ্যালয়ের ভবণ জরাজীর্ণ হলে মেরামত/সংস্কারের জন্য সরকারি নির্দেশনা মোতাবেক বিদ্যালয়ের তালিকা করা হয় অথবা বিদ্যালয় ম্যানেজিং কমিটি নিজেরা প্রয়োজনীয়তার ভিত্তিতে উপজেলা শিক্ষা অফিসে আবেদন করে থাকে। উপজেলা শিক্ষা অফিসার এসএমসির আবেদনগুলো/মাঠ সার্ভের মাধ্যমে প্রাপ্ত সংস্কারের তালিকা উপজেলা শিক্ষা কমিটিতে উপস্থাপন করেন। শিক্ষা কমিটির সুপারিশের পর উপজেলা প্রকৌশলীর প্রাক্কলনসহ প্রস্তাব প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে/এলজিইডিতে প্রেরণ করা হয়। বিদ্যালয়ের নামে অর্থ বরাদ্দ হলে উপজেলা প্রকৌশলী নির্ধারিত নিয়মে টেন্ডারের কার্যক্রম সম্পন্ন করে ঠিকাদারের মাধ্যমে মেরামত/সংস্কার কার্যক্রম সম্পন্ন করেন। বরাদ্দ ২ লক্ষ টাকার কম হলে বিদ্যালয় ম্যানেজমেন্ট কমিটি সভা করে নিজেরা মেরামত ও সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করেন।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর , যশোর।
www.abhaynagar.jessore.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম প্রাপ্তি স্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	সেবা প্রদান পদ্ধতি	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল	উর্দ্ধতন কর্মকর্তার পদবী, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
৩৫.	প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান	বিতরণ একদিনে সম্পন্ন হয়, কার্যক্রমে ১০-১৫ দিন লাগে	পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও উপস্থিতির ভিত্তিতে নীতিমালা অনুযায়ী চাহিদা পত্র	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।	বিনামূল্যে	প্রতিবছর মার্চ মাসে এসএমসি এর সভার মাধ্যমে সুবিধাভোগী পরিবার নির্বাচন করা হয়। উপজেলাভিত্তিক নির্ধারিত কোটা অনুযায়ী উপবৃত্তির সুবিধা পায়। বছরে ৪ বার উপবৃত্তি প্রদান করা হয়। বরাদ্দ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ব্যাংকের কর্মকর্তাসহ প্রতিষ্ঠানে গিয়ে উপকার ভোগীদের মধ্যে প্রাপ্ত টাকা বিতরণ।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
৩৬.	তথ্য অধিকার আইনে তথ্য প্রদান	আবেদনের ধরণ অনুযায়ী সর্বোচ্চ ২০ কর্মদিবস	তথ্য অধিকার বিধিমালায় নির্ধারিত ফরমে আবেদনকরণ	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ তথ্য কমিশন	তথ্য অধিকার বিধিমালায় নির্ধারিত ফি	বাংলাদেশের নিরাপত্তা, পররাষ্ট্রনীতি, রাষ্ট্রীয় গোপনীয় তথ্য ও প্রশ্নপত্রের আগাম তথ্য ব্যতিত জনগণ কর্তৃক নির্ধারিত ফরমে আবেদনের মাধ্যমে যে কোন তথ্য প্রদান	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
৩৭.	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, জেলা পরিষদ, সংস্থা / বিভাগ কর্তৃক বিবিধ অনুদান বিতরণ/ অর্থ ছাড়করণ।	৭/১০ দিনের মধ্যে	১) আবেদনপত্র ২) ছবি ও জাতীয় পরিচয়পত্র	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক।	বরাদ্দপত্র পাওয়ার পর বিলকরে হিসাবরক্ষণ অফিসে জমাকরণ এবং বিল পাশ হওয়ার পর ব্যাংক হিসেবে স্থানান্তর ও মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে আলোচনাক্রমে নির্দিষ্ট দিনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও উপকারী ভোগীদের মধ্যে টাকা প্রদান	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
৩৮.	সাধারণ অভিযোগ তদন্ত	তদন্ত/ তথ্য সংগ্রহ সম্পন্ন হওয়া থেকে প্রতিবেদন/ প্রত্যয়ণ প্রদান। ১০-১৫ দিন	অভিযোগ সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্রাদি (যদি থাকে)	--	বিনামূল্যে	অভিযোগকারী কর্তৃক দাখিলকৃত অভিযোগ সংশ্লিষ্ট রেজিস্টারে এন্ট্রি দেওয়া হয়। প্রাথমিকভাবে অভিযোগের সত্যতা আছে এমন প্রতীয়মান হলে এবং এ ধরণের অভিযোগ সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে হলে উপজেলা নির্বাহী অফিসার বিষয়টি আমলে নিয়ে তদন্ত করার ব্যবস্থা গ্রহণ করেন। অভিযোগের গুরুত্ব অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার কখনো নিজে তদন্ত করেন অথবা উপজেলা পর্যায়ের কোনো কর্তকর্তার মাধ্যমে তদন্ত করান। তদন্তে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হয় এবং বিষয়টি নিস্পত্তি করা হয়ে থাকে।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
৩৯.	এনজিও কার্যক্রমের প্রত্যয়ণ প্রদান	১২-১৬ দিন	১) নিবন্ধন সনদ ২) কর্মসূচি অনুমোদন ডকুমেন্ট ৩) কর্মসূচির জন্য অনুমোদিত বাজেট ৪) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের প্রত্যয়ণ (প্রযোজ্য ক্ষেত্রে)	--	বিনামূল্যে	আবেদনপ্রাপ্তির পর তা সংশ্লিষ্ট রেজিস্টারে এন্ট্রি দেওয়া হয়। এনজিও কর্তৃক সম্পাদিত কাজের বিষয়ে প্রত্যয়নপত্রের জন্য প্রাপ্ত আবেদন বিষয়ে সরজমিন পরিদর্শন ও যাচাই অন্তে প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তের তারিখ নির্ধারণ করে সরজমিন পরিদর্শন করে তাদের কাজের মান বিষয়ে বিস্তারিত প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় আবেদনকারী এনজিও'র কাজের মান সন্তোষজনক পাওয়া গেলে চাহিত প্রত্যয়নপত্র প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd
৪০.	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল কমিটি।	অভিযোগ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে পক্ষদ্বয়কে নোটিশ প্রদান করা হয়।	১) অভিযোগ দাখিল ২) অভিযোগ সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার।	--	অভিযোগ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সংশিষ্ট পক্ষদ্বয়কে নোটিশ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার টেলিফোন: ০২-৪২১৪৪০২২ unoabhaynagar@gmail.com unoabhaynagar@mopa.gov.bd	জেলা প্রশাসক, যশোর টেলিফোন: 0421-৬৮৫০০ dcjessore@mopa.gov.bd

এ ছাড়াও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিম্নোক্ত কার্যাবলী সম্পাদিত হয়ে থাকে

■ সামাজিক ও সাংস্কৃতিক কার্যাবলী জোরদারকরণ ■ আইন-শৃংখলা রক্ষায় প্রয়োজনীয় সহায়তা প্রদান। ■ ইউনিয়ন পরিষদের সাথে যোগাযোগ ও সমন্বয়	■ সরকারি কার্যক্রমের সহায়ক ব্যক্তি হিসাবে দায়িত্ব পালন ■ উপজেলা পর্যায়ে উন্নয়ন ও প্রশাসনিক কাজের তদারকিকরণ ■ প্রাকৃতিক দুর্যোগ, দুর্ভিক্ষ ও মহামারীর সময় ত্রাণ কাজে সহায়তাকরণ	■ বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাদের সাথে কাজের সমন্বয় সাধন ■ মন্ত্রণালয়ের সকল নীতিমালা মাঠপর্য়ায়ে বাস্তবায়ন ■ সরকার নির্দেশিত সকল কাজের বাস্তবায়ন

জরুরী প্রয়োজনেঃ উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর , যশোর।
মোবাইলঃ ০১৭৩৩০৭৪০৩৫
ই-মেইলঃ unoabhaynagar@mopa.gov.bd; unoabhaynagar@gmail.com